দৈনিক
ইনকিলাব

পৃষ্ঠা ৬ কলাম ৫

# ঢাবি'র ১২টি আবাসিক হলে তল্লাশি : ১১ বহিরাগত গ্রেফতার

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১২টি আবাসিক হলে তল্লাশি চালিয়ে ১১ বহিরাগতকে আটক করেছে পুলিশ। গত শনিবার গভীর রাতে এক যোগে সবকটি ছাত্র হলে এ তল্লাশি চালানো হয়। এসময় পুলিশ দু'টি ককটেলও উদ্ধার করেছে বলে জানা গেছে।

জানা যায়, আবাসিক হলগুলোতে অবৈধ অস্ত্রসহ বহিরাগতরা অবস্থান করছে এ ধরনের অভিযোগের প্রেক্ষিতে পুলিশের মাধ্যমে কর্তৃপক্ষ এ তল্লাশি চালায়। রাত ১২টা থেকে ৩টা পর্যন্ত একটানা অভিযান চালানো হয়। অভিযানকালে পুলিশ হলের সবগুলো কক্ষে তল্লাশি করেছে এবং পরিচয়পত্র ছাড়া কাউকে পেলেই আটক করেছে। এসময় তারা জগন্নাথ হল থেকে ৭ জন, ফজলুল হক হল থেকে ২ জন, শহীদুল্লাহ হল থেকে ২ জনকে আটক করে। আটককৃতদের ৪ জন হলের ক্যান্টিন বয় বলে জানা গেছে। এছাড়া জগন্নাথ হল থেকে